দৈনিক আমাদের সময়

তারিখ ...15 JUL 2016...
পৃষ্ঠা ...2... কলাম ...6...

### ৪০ ছাত্রের তথ্যের খোঁজ

# সরকারকে সব সহযোগিতা দেবে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়

নিজস্ব প্রতিবেদক ●
জঙ্গি তৎপরতা রোধে সরকারকে সব ধরনের সহযোগিতার আশ্বাস দিয়েছে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়। জঙ্গি সম্পৃক্ততার অভিযোগ তদন্ত করতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) একটি দল নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে গেলে তাদের এ আশ্বাস দেওয়া হয়। গতকাল দুপুর ১২টার দিকে ইউজিসি চার সদস্যের প্রতিনিধি দল রাজধানীর বসুন্ধরায় অবস্থিত নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে যান। প্রতিনিধি দলে ছিলেন কমিশনের সদস্য দিল আফরোজা বেগম, শাহনেওয়াজ আলি, বেসরকারি বিশ্ববিদ্যালয় ইউনিটের উপপরিচালক জেসমিন, পারভীন ও জ্যেষ্ঠ সহকারী পরিচালক বিষ্ণু মল্লিক।

শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, একটি গোয়েন্দা সংস্থার দেওয়া প্রাথমিক প্রতিবেদনের ভিত্তিতে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ৪০ জন ছাত্রের তথ্য চেয়েছে শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসি। ইউজিসির মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয় তালিকাটি পাঠায়। এসব শিক্ষার্থীর বিষয়ে বিস্তারিত তথ্য দিতে বলা হয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আতিকুল ইসলাম সাংবাদিকদের বলেন, জঙ্গি গোষ্ঠীর সঙ্গে শিক্ষার্থীদের জড়িয়ে পড়ার দায় কেবল বিশ্ববিদ্যালয়ের নয়। এর দায় রাষ্ট্র ও পরিবারেরও রয়েছে। তিনি বলেন, তদন্ত দল যেসব তথ্য-উপাত্ত চেয়েছে সেসব তাদের সরবরাহ করা এরপর পৃষ্ঠা ১১, কলাম ৬

## সরকারকে সব সহযোগিতা

(শেষ পৃষ্ঠার পর) হয়েছে। তদন্তের স্বার্থে ভবিষ্যতেও যে ধরনের সহযোগিতা চাওয়া হবে, তা দেওয়া হবে।

ভিসি বলেন, অতীতে যেসব ছাত্রের বিরুদ্ধে জঙ্গিসংশ্লিষ্টতার অভিযোগ ছিল তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। কোনো ছাত্র একাধারে ১০ দিন অনুপস্থিত থাকলে শিক্ষা মন্ত্রণালয়কে জানানোর যে নির্দেশনা দেওয়া হয়েছে, তা পালন করা হবে।

অধ্যাপক ড. আতিকুল ইসলাম বলেন, ঈদের দিন শোলাকিয়ায় হামলার ঘটনায় নিহত ছাত্র আবীরের ছাত্রত্ব বাতিল করা হয়েছে। ১ জুলাই গুলশানের হলি আর্টিজান রেস্তোরাঁয় জঙ্গি হামলায় যে দুজনের সংশ্লিষ্টতা পাওয়া যায়, তারা সাবেক শিক্ষার্থী।

এক প্রশ্নের জবাবে ভিসি বলেন, যুদ্ধাপরাধের অভিযোগে দণ্ড কার্যকর হওয়া জামায়াত নেতা অধ্যাপক গোলাম আযম এবং মতিউর রহমান নিজামীর ছেলে অনেক আগে এ বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করতেন। তাই এখন তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার এখতিয়ার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নেই।